গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

নং-পরিবেশ/ওডিএস(আঃওঃদিঃ)/৬১/২০১৪/২৬০ তারিখঃ ০৪/০৫/১৪২১সন ১৯/০৮/২০১৪খ্রিঃ

পোস্টার ডিজাইন

আন্তর্জাতিক ওজোন দিবস, ১৬ সেপ্টেম্বর, ২০১৪ উপলক্ষে ওজোন সেল, পরিবেশ অধিদপ্তর প্রতিযোগিতামূলকভাবে পোস্টারের ডিজাইন আহবান করছে। পোস্টারের প্রতিপাদ্য বিষয় হলোঃ "Ozone Layer Protection: The Mission Goes On".

চারুকলা ইনষ্টিটিউটের ছাত্রছাত্রী, অঙ্কন শিল্পী ও বিজ্ঞাপনী সংস্থাসমূহকে তাদের নাম, ঠিকানা, ফোন নং উল্লেখপূর্বক আবেদনপত্রসহ নির্ধারিত বিষয়ে প্রণীত স্ব-স্ব ডিজাইন আগামী ৩১-০৮-২০১৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সফট কপিসহ (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

(ক) পোস্টারের সাইজ ঃ ২০ ইঞ্চি x ১৫ ইঞ্চি
(খ) পোস্টারের রং ঃ অনধিক চার রঙা
(গ) পুরস্কার ঃ মনোনীত ডিজাইনের জন্য টাকা ১০,০০০/- (দশ হাজার)

পোস্টারের লেখার বিষয়সমূহ সিনিয়র অফিসার, ওজোন সেল, পরিবেশ অধিদপ্তর (রুম নং-৫০৫, ৫ম তলা)-এর নিকট অফিস চলাকালীন সময়ে পাওয়া যাবে। কোনরূপ কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ দাখিলকৃত ডিজাইনসমূহের যে কোনটি গ্রহণ কিংবা সবগুলো বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোনক্রমেই দাখিলকৃত ডিজাইনসমূহ ফেরত প্রদান করা হবে না। মনোনীত পোস্টারের শিল্পী/বিজ্ঞাপনী সংস্থাকে চিঠির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

মোঃ শাহজাহান
অতিরিক্ত মহাপরিচালক
ফোনঃ ৮১৮১৮০১/০১৯১১২০০২৮০

জিডি-৩১৮১

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯

নং-সিএএবি/প্র-১/নিয়োগ/২-৪৮(অংশ-১)/২০১৩/১২৬ তারিখঃ ১৪-০৮-২০১৪

লিখিত পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ'র ১ম ও ২য় শ্রেণীর ৩ (তিন) ক্যাটাগরীর ৭ (সাত)টি শূন্য পদ (সহকারী প্রকৌশলী (ই/এম), উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ও উপ-সহকারী প্রকৌশলী (ই/এম) সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে স্মারক নং-সিএএবি/প্র-১/নিয়োগ/২-৪৮(অংশ-১)/২০১৩/৮২ তারিখঃ ২৩-০৪-২০১৪ এর মাধ্যমে দৈনিক কালের কণ্ঠ পত্রিকায় ২৮-০৪-২০১৪ তারিখে ও দি ডেইলী স্টার পত্রিকায় ২৯-০৪-২০১৪ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে প্রাপ্ত আবেদনকারীদের মধ্যে বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ০৫-০৯-২০১৪ তারিখ শুক্রবার সকাল ১০.৩০ ঘটিকায় সিভিল এভিয়েশন উচ্চ বিদ্যালয়, কাওলা, কুর্মিটোলা, উত্তরা, ঢাকায় অনুষ্ঠিত হবে।

০২। লিখিত পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের অনুকূলে বর্তমান ঠিকানায় প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে এবং তাঁদের তালিকা অত্র কর্তৃপক্ষ'র ওয়েবসাইট www.caab.gov.bd এ প্রকাশ করা হয়েছে।

জি. এম আব্দুল কাদের
পরিচালক (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
☎ ৮৯০১৪১২

সিএএবি/পিআর-১০২/২০১৪/৩২৭
তারিখঃ ১৮-৮-২০১৪খ্রিঃ
জিডি-৩১৮৩

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

"কৃষিই সমৃদ্ধি"

উপ-পরিচালক(বীউ)এর কার্যালয়
বীজ ভবন, চুয়াডাঙ্গা
(ধান, গম ও ভূট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন কেন্দ্র)

উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

০১	মন্ত্রণালয়/বিভাগ	ঃ	কৃষি মন্ত্রণালয়।
০২	সংস্থার নাম	ঃ	বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)।
০৩	বাস্তবায়নকারী প্রকল্পের নাম	ঃ	ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প।
০৪	জেলা	ঃ	চুয়াডাঙ্গা।
০৫	কাজ সম্পাদনের পদ্ধতি	ঃ	উন্মুক্ত দরপত্র।
০৬	দরপত্র নং ও তারিখ	ঃ	০১/২০১৪-১৫, তারিখ- ১১/০৮/১৪ইং।
০৭	অর্থের উৎস	ঃ	জিওবি।
০৮	কাজের বিবরণ	ঃ	উপ-পরিচালক (বীউ), বিএডিসি, চুয়াডাঙ্গা দপ্তর হতে দেশের বিভিন্ন জেলায় বীজ পরিবহনের নিমিত্তে ঠিকাদার নিয়োগ।
০৯	সরবরাহ সময়সীমা	ঃ	কার্যাদেশ জারির তারিখ থেকে নিম্নস্বাক্ষরকারীর মৌখিক নির্দেশ মোতাবেক।
১০	দরপত্রদাতার যোগ্যতা	ঃ	সরকারি/আধা-সরকারি সংস্থা/প্রতিষ্ঠানে এক বৎসরের কম পক্ষে ১০ (দশ লক্ষ) টাকার বিলের পরিবহন কাজের অভিজ্ঞতাসম্পন্ন পরিবহন ঠিকাদার/প্রতিষ্ঠান/ব্যক্তি।
১১	দরপত্রের সহিত যে সকল কাগজপত্র দলিলাদির সত্যায়িত কপি অবশ্যই সংযুক্ত করতে হবে (অন্যান্য শর্তাবলী সিডিউলের সংগে প্রদত্ত)	ঃ	(১) সিডিউল ক্রয় রশিদ (২) ইউঃ চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি সত্যায়িত (৩) সরকারি/আধা-সরকারি প্রতিষ্ঠানের পরিবহন কাজের অভিজ্ঞতার সনদপত্র (৪) হালনাগাদ টিআইএন (৫) ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্র (৬) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র (৭) সহকারী কমিশনার (ভূমি)/পৌর মেয়র/ইউঃ চেয়ারম্যান কর্তৃক অথবা শর্তাবলী অনুযায়ী অন্তত ২৫০০০০০/- (পাঁচিশ লক্ষ) টাকা মূল্যের সম্পদের ভ্যালুয়েশন সার্টিফিকেট (৮) নিজ নামীয় ট্রাক (যদি থাকে) এর নম্বরসহ রেজিষ্ট্রেশন সার্টিফিকেট (ব্লুবুক) ফটোকপি সত্যায়িতসহ দাখিল করতে হবে (৯) পাসপোর্ট সাইজের ছবি দুই কপি (১০) ভোটার আইডি কার্ডের ফটোকপি সত্যায়িত।
১২	দরপত্র সিডিউলের মূল্য	ঃ	১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য)।
১৩	নিরাপত্তা জামানত এর পরিমাণ	ঃ	১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা (ফেরতযোগ্য)।
১৪	কার্য সম্পাদন জামানত এর পরিমাণ	ঃ	মোট উদ্ধৃত দরের ১০% (শত করা দশ ভাগ) টাকা।
১৫	দরপত্র বিক্রয়ের স্থান	ঃ	(ক) জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা (খ) যুগ্ম-পরিচালক (বীপ্রকে), বিএডিসি, চুয়াডাঙ্গা (খ) উপ-পরিচালক (বীউ), বিএডিসি, অত্র দপ্তর।
১৬	দরপত্র দাখিলের দপ্তরের ঠিকানা	ঃ	১৫ নং ক্রমিকে বর্ণিত অফিসসমূহে।
১৭	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	ঃ	০৯/০৯/১৪ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত দরপত্র ক্রয় করা যাবে।
১৮	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	ঃ	১০/০৯/১৪ইং বেলা ১২-০০ ঘটিকা পর্যন্ত।
১৯	দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়	ঃ	১০/০৯/১৪ বেলা ১-০০ ঘটিকায়।
২০	দরপত্র খোলার স্থান	ঃ	উপ-পরিচালক (বীউ), বিএডিসি, চুয়াডাঙ্গা দপ্তরে।
২১	বিশেষ নির্দেশাবলী	ঃ	ক) দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় হবে না (খ) দরপত্র বাক্স বন্ধের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না (গ) কর্তৃপক্ষ কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরপত্র বা সব দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং সর্বনিম্ন দরদাতার দাখিলকৃত দরপত্র গ্রহণ করতে বাধ্য নহেন (ঘ) দরপত্রের শর্তাবলী ও মালামালের বিবরণ দরপত্র সিডিউলে উল্লেখ আছে (ঙ) দরপত্রের সকল কার্যক্রম পিপিআর/২০০৮ অনুযায়ী পরিচালিত হবে (চ) উল্লেখিত যে, অনিবার্য কারণবশতঃ দরপত্র বিক্রয়ের শেষ তারিখে বিক্রয় এবং দরপত্র দাখিলের তারিখে দরপত্র দাখিল সম্ভব না হলে যথাক্রমে পরবর্তী কার্যদিবসে দরপত্র বিক্রয় ও তৎপরবর্তী উল্লেখিত সময়ে দরপত্র দাখিল করতে হবে। এ সম্পর্কে ভিন্নভাবে পত্রিকায় কোন সংশোধনী জারি করা হবে না। এ ব্যাপারে স্থানীয় নোটিশ জারি করা হবে।

মোঃ তাজুল ইসলাম ভূঁঞা
উপ-পরিচালক (বীউ)
ধান, গম ও ভূট্টার উন্নততর বীজ
উৎপাদন এবং উন্নয়ন কেন্দ্র,
বিএডিসি, বীজ ভবন, চুয়াডাঙ্গা
ফোন-০৭৬১-৬৩৬০১

কৃউক-৩২
জিডি-৩১৮২

Leveraging ICT for Growth, Employment & Governance Project

Bangladesh Computer Council
Information and Communication Technology Division
Ministry of Posts, Telecommunications and Information Technology
BCC Bhaban, 14-E/X Agargaon,
Sher-e-Bangla Nagar, Dhaka 1207
☎ 8181381, Fax: 8181383,
E-mail piu.lict@bcc.net.bd
Website: http://www.bcc.net.bd, www.lict.gov.bd

REF # 56.109.007.00.00.038.2014-553 Date: 18 August 2014

Invitation for Bids (IFB) for Non-Consulting Services for Branding & Campus Orientation Services for FTFL Program (National)

Contract Identification No: NS6
World Bank Credit No: 5025-BD

1. The People's Republic of Bangladesh has received a credit from the International Development Association towards the cost of Leveraging ICT for Growth, Employment & Governance Project (LICT) and intends to apply part of the funds to cover eligible payments under the Contract for Branding & Campus Orientation Services for FTFL Program (National) (Contract Package # NS6). Bidding is open to all bidders from eligible source countries as defined in the Guidelines: Procurement of Goods, Works and Non-Consulting Services under IBRD Loans and IDA Credits & Grants by World Bank Borrowers, January 2011.

2. Bangladesh Computer Council (BCC) represented by the Project Director, Leveraging ICT for Growth, Employment & Governance Project invites sealed bids from eligible bidders for carrying out the Branding & Campus Orientation Services for FTFL Program (National).

3. The bidder shall be a firm/company or joint venture of firms/companies from eligible source countries. The bidder shall have business experience of a service provider as a prime bidder in designing, development and implementation of training for IT industry with a minimum average annual volume of Services of Bangladesh Taka (BDT) 8,000,000 (eight million) in the last five years. The bidder shall have experience of at least two service contract of a nature and complexity equivalent to the services over the last 5 years from the bid submission deadline with minimum amount of contract value Bangladesh Taka (BDT) 7,500,000 (seven million five hundred thousand).

4. A complete set of bidding document may be purchased from the address below for a non-refundable fee of Bangladesh Taka (BDT) 2,000 (Postage charge extra) in the form of Pay Order or Demand Draft in favor of Project Director, Leveraging ICT for Growth, Employment and Governance Project. Interested bidders may obtain further information and inspect the bidding documents at same address from 9:00 hours to 16:00 hours Bangladesh Standard Time (BST=GMT + 6:00 hours), Sunday through Thursday (except public holidays). Bidding document can also be viewed at website www.bcc.net.bd or www.lict.gov.bd (for inspection purpose only).

5. Bids shall be valid for a period of 90 days after bid closing and must be accompanied by security of the Bangladesh Taka (BDT) 160,000 (one hundred sixty thousand). Bids shall be submitted to the address below on or before September 11, 2014 up to BST 15:00 hours and they will be opened on the same day at BST 15:30 hours in the presence of the bidders or their authorized representatives who wish to attend.

Project Director
Leveraging ICT for Growth, Employment & Governance Project
Address: Bangladesh Computer Council (BCC), BCC Bhaban (2nd Floor), Plot # E14/X Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka-1207, Bangladesh
Telephone: +880-2-8181381
Fax: + 880-2-8181383
E-mail: pd.lict@bcc.net.bd

GD-3174

বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০

সূত্র নং-২৮.১০.০০০২.০০৩.০২.০২৩.১৪ তারিখঃ ১৮ আগস্ট, ২০১৪

মৌখিক পরীক্ষা বাতিল সংক্রান্ত বিজ্ঞপ্তি

কোম্পানির নিয়োগ বিজ্ঞপ্তি সূত্র নং প্রশাঃ(পাঃ)/১৫/২০১০ তারিখ ২৬ মে, ২০১০ এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ), সহকারী ব্যবস্থাপক (হিসাব/নিরীক্ষা), সহকারী কর্মকর্তা (সাধারণ), সহকারী কর্মকর্তা (হিসাব/নিরীক্ষা) এবং সহকারী কারিগরী কর্মকর্তা (মেকানিক্যাল/সিভিল/কেমিক্যাল/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/পাওয়ার) পদসমূহের লিখিত পরীক্ষার ফলাফল বহাল রেখে উক্ত পদসমূহের ০৭.১০.২০১১ হতে ২৯.০৬.২০১২ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত মৌখিক পরীক্ষা এতদ্বারা বাতিল করা হলো। এতদপ্রেক্ষিতে পুনরায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে এবং মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে পত্রের মাধ্যমে প্রার্থীগণকে জানানো হবে। কোম্পানির ওয়েবসাইটে (www.bgfcl.org.bd) মৌখিক পরীক্ষার তারিখ প্রকাশ করা হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই বিজ্ঞপ্তি জারি করা হলো।

২৮.১০.০০০১.০০১.০৩.০০৯.১৪/০৫(প্রশা)
জিডি-৩১৮৪ মহাব্যবস্থাপক (প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
(সংস্থাপন শাখা)
www.pirojpur.gov.bd

স্মারক নং-০৫.১০.৭৯০০.০০৫.১১.০০১.১৪-৫৫৯ তারিখঃ ১৩/০৮/২০১৪খ্রিঃ

পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২/১২/২০১৩খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২৬.০৭-২২০নং স্মারক, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল এর ১২/০৭/২০১৪খ্রিঃ তারিখের ০৫.১০.০০০০.০০৭.০১.০০৮.১২-৮৭(৬)নং এবং বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল এর ১২/০৮/২০১৪খ্রিঃ তারিখের ০৫.১০.০০০০.০০৭.০১.০০৫.১৪-৯৮নং স্মারকের প্রেক্ষিতে এ কার্যালয়ের সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর এর ০২ (দুই)টি শূন্য পদ অস্থায়ী ভিত্তিতে পূরণকল্পে পিরোজপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
০১.	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর	০২ (দুই)টি	৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫/-	(ক) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস। (খ) বাংলা ও ইংরেজি সাঁটলিপিতে প্রতিমিনিটে যথাক্রমে ৫০ ও ৮০ শব্দের গতিসম্পন্ন হতে হবে। (গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দের গতিসম্পন্ন হতে হবে।

শর্তাবলী

০১। আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজিতে) (খ) পিতা/স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (এসএসসি/সমমানের পরীক্ষার সনদপত্র অনুযায়ী) (ছ) বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়স (এসএসসি/সমমানের পরীক্ষার সনদপত্র অনুযায়ী) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম/প্রাপ্ত বিভাগ/পাসের সন/শিক্ষা বোর্ড উল্লেখপূর্বক) (ট) কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) (ঠ) অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) ইত্যাদি উল্লেখপূর্বক জেলা প্রশাসক, পিরোজপুর বরাবরে আবেদন করতে হবে। আবেদনপত্র আগামী ২০/০৯/২০১৪খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে জেলা প্রশাসক, পিরোজপুর-এর কার্যালয়ে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। খামের উপরিভাগে পদের নাম, ডান পার্শ্বে প্রাপক- জেলা প্রশাসক, পিরোজপুর এবং বামপার্শ্বে আবেদনকারীর নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে। আবেদনপত্র অবশ্যই প্রার্থীর নিজ হাতে লেখা হতে হবে।

০২। প্রার্থীকে আবেদনের সাথে নিম্নে বর্ণিত সনদের কপি/কাগজপত্রাদি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম, পদবী ও সীলসহ) কর্তৃক সত্যায়িত করে সংযোজন করতে হবেঃ
ক) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব এবং স্থায়ী ঠিকানার সনদপত্র।
খ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্র (শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রের পরিবর্তে প্রশংসাপত্র দিলে উহার সাথে অবশ্যই বোর্ড কর্তৃক ইস্যুকৃত মার্কশীটের সত্যায়িত ছায়ালিপি দিতে হবে, অন্যথায় তা গ্রহণযোগ্য হবে না)।
ঘ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি। ০১ (এক) কপি ছবি আবেদনপত্রের উপরে ডান পাশে আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে। অন্য ০২ (দুই) কপি ছবি আবেদনপত্রের উপরে বাম পাশে স্ট্যাপলার পিন দিয়ে সংযুক্ত করে দিতে হবে।

০৩। ১-০৭৪২-০০০১-২০৩১ খাতে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদানপূর্বক চালানের মূলকপি আবেদনে সাথে জমা দিতে হবে।

০৪। ২০/০৮/২০১৪খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর ও সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্যদের ক্ষেত্রে বয়সের সর্বোচ্চ সীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৫। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্য হলে প্রার্থীকে সরকার কর্তৃক নির্ধারিত উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত মূল সনদপত্রের (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের জারিকৃত সনদপত্র অথবা বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের প্রধান উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষরিত) সত্যায়িত কপি দাখিল করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না।

০৬। এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর/উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্র জমা দিতে হবে।

০৭। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদেরকে আবেদনের সাথে উপ-পরিচালক, আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত যথাযথ সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

০৮। উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৯। বিবাহিত মহিলাদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

১০। চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১১। সরকারি প্রচলিত বিধি-বিধান অনুযায়ী প্রার্থীদের জন্য নির্ধারিত কোটাসহ নিয়োগের অন্যান্য শর্তাবলী পালন করা হবে। আবেদনপত্রের উপর কোটার নাম উল্লেখ করতে হবে। কোটার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষের সনদপত্র সংযুক্ত করতে না পারলে তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

১২। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। খামের উপর স্পষ্ট অক্ষরে নিজ জেলা ও পদের নাম লিখতে হবে। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র জারির স্বার্থে আবেদনকারীর নাম ও ঠিকানা লিখিত ১০/- (দশ) টাকার ডাকটিকিট লাগানো ৯.৫"×৪.৫" ইঞ্চি সাইজের একটি আলাদা ফেরত খাম আবেদনের সাথে দাখিল করতে হবে।

১৪। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যে কোন শর্ত পরিবর্তন, পরিবর্ধন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন। নিয়োগের ব্যাপারে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

এ. কে. এম শামিমুল হক ছিদ্দিকী
জেলা প্রশাসক
পিরোজপুর

জিডি-৩১৮০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা

দরপত্র বিজ্ঞপ্তি

২০১৪-২০১৫ অর্থ বৎসরে ঢাকা জেলা পুলিশ বাহিনীর সদস্যদের জন্য নির্ধারিত রেশন সামগ্রী ক্রয়ের নিমিত্তে "দি পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশন-২০০৮" এর বিধি অনুসারে ২য় কোয়ার্টারের জন্য উন্নতমানের মশুর ডাল, সয়াবিন তৈল, জ্বালানি কাঠ, গম-পেষাই, কুলি ও রেশন সামগ্রী পরিবহনের নিমিত্তে অভিজ্ঞ ঠিকাদার/ব্যবসায়ী/সরবরাহকারীর নিকট হতে নিজস্ব প্যাডে/নির্ধারিত সিডিউলে সীলমোহরকৃত খামে প্রতিযোগিতামূলক উন্মুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের বিবরণ ও শর্তাবলী নিম্নরূপ। দরপত্রের অন্যান্য শর্তাবলী সিডিউলে বর্ণিত আছে।

০১. মন্ত্রণালয়/বিভাগ ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ পুলিশ।
০২. সংগ্রহকারী সত্তার নাম ঃ পুলিশ সুপার, ঢাকা।
০৩. সংগ্রহের পদ্ধতি ঃ উন্মুক্ত দরপত্র পদ্ধতি।
০৪. তহবিলের উৎস ঃ পুলিশ হেডকোয়ার্টার্স হতে বাজেট প্রাপ্তি সাপেক্ষে।
০৫. দরপত্র আইটেমের সংখ্যা ঃ ০৬ (ছয়) টি।
০৬. দরপত্র আহ্বানের তারিখ ঃ ২০১৪-২০১৫ অর্থ বছর।
০৭. দরপত্রদাতাগণের যোগ্যতা ঃ ২০১৩-২০১৪ অর্থ বছরে নিম্নবর্ণিত হালনাগাদ কাগজপত্র দাখিল করতে হবে।
ক) ব্যবসায়িক ট্রেড লাইসেন্স।
খ) আয়কর পরিশোধের সনদপত্র।
গ) ভ্যাট পরিশোধের সনদপত্র।
ঘ) ব্যাংক সার্টিফিকেট।
ঙ) জাতীয়তার সনদপত্র।
চ) সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতার সনদপত্র।
ছ) ছবিসহ ফার্মের মালিকানার হলফনামার কপি এবং প্রতিনিধির ক্ষেত্রে ছবিসহ প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট/নোটারী পাবলিক কর্তৃক প্রদেয় ক্ষমতাপত্র দাখিল করতে হবে।
জ) গম পিষাইয়ের ক্ষেত্রে ঢাকা সিটি করপোরেশন এলাকায় নিজস্ব/ভাড়ায় গম পিষাইয়ের মিল থাকতে হবে। ভাড়ার ক্ষেত্রে ১৫০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র থাকতে হবে।
উপরে বর্ণিত প্রত্যেকটি কাগজ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা এবং ওসি রেশন ষ্টোর, মিলব্যারাক, পুলিশ লাইন, ঢাকার নিকট সিডিউল প্রাপ্তির আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র যাচাই বাছাই করে দাখিলকৃত কাগজপত্র সঠিক পাওয়া গেলে সিডিউল প্রদান করা হবে।
০৮. দরপত্র বিক্রয়কারী দপ্তরের নাম ও ঠিকানা ঃ পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা এবং পুলিশ রেশন ষ্টোর, মিলব্যারাক পুলিশ লাইন্স, গেন্ডারিয়া, ঢাকা (ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময়)।
০৯. দরপত্র গ্রহণকারী দপ্তরের নাম ও ঠিকানা ঃ পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা।
১০. দরপত্র খোলার দপ্তরের নাম ও ঠিকানা ঃ পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা।
১১. দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় ঃ তারিখঃ ১১/০৯/২০১৪ অফিস চলাকালীন সময় পর্যন্ত।
১২. দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় ঃ তারিখঃ ১৪/০৯/২০১৪ বেলা ১২.০০টা পর্যন্ত।
১৩. দরপত্র খোলার তারিখ ও সময় ঃ তারিখঃ ১৪/০৯/২০১৪ বেলা ১২.৩০টার সময় দরপত্রদাতা/সরবরাহকারীর সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।
১৪. দরপত্র গ্রহণ ও মূল্যায়ন ঃ পিপিআর, ২০০৮ বিধান অনুসারে করা হবে।
১৫. আহ্বানকৃত দরপত্রের মালামালের বিস্তারিত বিবরণ ঃ

আইটেম নং	মালামালের বিবরণ	পরিমাণ	সিডিউল প্রাপ্তির স্থান	সিডিউলের মূল্য প্রতিটি (অফেরতযোগ্য)	দরপত্র জামানতের টাকার পরিমাণ	কাজের সময়সীমা
ক.	উন্নতমানের মশুর ডাল	৪০,০০০ কেজি	পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা এবং ওসি রেশন ষ্টোর, মিলব্যারাক পুলিশ লাইন্স, গেন্ডারিয়া, ঢাকা।	৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মাত্র	১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মাত্র	২০১৪-২০১৫ অর্থ বছর ২য় কোয়ার্টার
খ.	সয়াবিন তৈল (২,০.৫) লিটার ক্যান	৪০,০০০ লিটার	পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা এবং ওসি রেশন ষ্টোর, মিলব্যারাক পুলিশ লাইন্স, গেন্ডারিয়া, ঢাকা।	৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মাত্র	১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মাত্র	ঐ
গ.	জ্বালানি কাঠ	চাহিদা মাফিক	পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা এবং ওসি রেশন ষ্টোর, মিলব্যারাক পুলিশ লাইন্স, গেন্ডার